

২০১৭-র ফেব্রুয়ারি পর্যন্ত প্রত্যক্ষ কর সংগ্রহে ১০.৭ শতাংশ বৃদ্ধি

নয়াদিল্লি, ১০ মার্চ, ২০১৭

২০১৭-র ফেব্রুয়ারি পর্যন্ত আয়কর সংগ্রহে ধারাবাহিকভাবে বৃদ্ধির প্রবণতাদেখা যাচ্ছে। ফেরৎ বাদে নিট কর সংগ্রহের পরিমাণ দাঁড়িয়েছে ৬.১৭ লক্ষ্য কোটি টাকা যেটা গত বছরের একই সময়ের তুলনায় ১০.৭ শতাংশ বেশি। এটা হল ২০১৬-১৭ অর্থ বছরে প্রত্যক্ষ কর ক্ষেত্রে মোট বাজেটে অনুমিত সংগ্রহের ৭২.৯ শতাংশ। কর্পোরেট আয়করের বিকাশ হার বেড়েছে ১১.৯ শতাংশ। তবে, ফেরৎজনিত অর্থ বাদ দেওয়ার পর কর্পোরেট আয়কর সংগ্রহে নিট বৃদ্ধি বেড়ে দাঁড়িয়েছে ২.৬ শতাংশ। অন্যদিকে, ব্যক্তিগত আয়কর সংগ্রহ বেড়েছে ১৯.৫ শতাংশ। এপ্রিল, ২০১৬ থেকে ফেব্রুয়ারি, ২০১৭ পর্যন্ত আয়কর ফেরতের পরিমাণ দাঁড়িয়েছে ১.৪৮ লক্ষ কোটি টাকা যেটা আগেরবারের তুলনায় ৪০.২ শতাংশ বেশি।

